দামুড়হুদার হাউলী ইউনিয়ন পরিষদে জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালিত

জন্ম নিবন্ধন একবার, বিড়ম্বনা নয় বার বার, এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে শূন্য থেকে ৪৫ দিনের শিশুদের বিনা মূল্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন ক্যাম্পেইন দিবস পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিনের সভাপতিত্বে: আনুষ্ঠানিকভাবে এ ক্যাম্পেইন দিবস পালন করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিনের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, শাহাজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা,আব্দুল হান্নান পটু, সাবিনা ইয়াসমিন মিনি, রওশনারা, রহিমা খাতুন। উদ্যোক্তা মিনারুল ইসলাম, রাসেল আহমেদ, কম্পিউটার অপারেটর মাহমুদা পারভীন ও সৌরভ।

হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন বলেন, সরকার আমাদের প্রতি মাসে তার্গেট দিয়েছে জন্ম নিবন্ধন ৬৯টি আর মৃত্যু নিবন্ধন ১৭ টি আর আমাদের ০১ তারিখ থেকে ০৫ তারিখ পর্যন্ত জন্ম নিবন্ধন হয়েছে ৮০টি, আর মৃত্যু নিবন্ধন হয়েছে ১২টি।

তিনি আরো বলেন, আমরা গ্রাম পুলিশ দিয়ে যাদের ০ থেকে ৪৫ দিন বয়স হয়েছে তাদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য নিয়ে তাদের জন্ম নিবন্ধন সনদ করে দেওয়া হচ্ছে। ১তারিখ হতে ০৬ তারিখ পর্যন্ত এ ক্যাম্পেইন চলমান থাকবে। সেই সঙ্গে ০ হতে ৪৫দিনের মধ্যে সম্পূর্ণ বিনামূল্যে শিশুর জন্মনিবন্ধন করা হবে এবং উক্ত নিবন্ধনকারীদের ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে উপহার প্রদান করা হবে।

এদিকে নির্দিষ্ট সময়ের মধ্যেই জন্ম ও মৃত্য নিবন্ধন না করলে আর্থিক ও সরকারি বেসরকারি সেবা থেকে বঞ্চিত হবে ইউনিয়নবাসী৷